# বার্ষিকী

শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়
খুলনা।

১৯৭৩-৭৪

জব্বার
র হোসেন

সম্পাদক ঃ
কাজী ইমদাদুল হক

প্রকাশনা : সাহিত্য বিভাগ,
খুলনা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় ছাত্র সংসদ।

প্রচ্ছদ শিল্পী : অধ্যাপক, কাজী শামসুল বাসেত।

ছবির ব্লক ও মুদ্রণ : বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ, ঢাকা।

প্রকাশকাল : এপ্রিল, ১৯৭৪।

বাঁধাই : কমলা বুক বাইণ্ডিং, বাগেরহাট।

মুদ্রণ : ইউনাইটেড প্রেস, (ডাকবাংলো রোড) বাগেরহাট।

# আভাষ

পৃথিবীব্যাপি অর্থনৈতিক সমস্যাও দ্রব্যমূল্যের উর্দ্ধগতি উন্নতিকামী দেশগুলিকেই জর্জ্জরিত করেছে বেশী। সদ্য স্বাধীনতা প্রাপ্ত নানা সমস্যা সংকুল বাংলাদেশে এই সংকট স্বাভাবিক কারণেই আরও প্রকট হয়ে দেখা দিয়েছে। গঠন মূলক প্রকল্পগুলি যেমন বিঘ্নিত হচ্ছে জন জীবনেও তেমনি নানা অসুবিধার সৃষ্টি হয়েছে। এতদ্‌সত্বেও বাংলাদেশীয়েরা যে ধৈর্য ও তিতিক্ষার পরিচয় দিয়েছেন তা অনন্য-সাধারণ দৃষ্টান্ত স্থাপন করেছে।

শিক্ষা প্রাঙ্গণও এই সব অব্যবস্থার প্রভাব এড়াতে পারেনি। তার মধ্যে শিক্ষক-শিক্ষণ কলেজগুলির মধ্যে সবচেয়ে বেশী সমস্যা জর্জ্জর অত্র কলেজ। সাময়িক বিদ্যুৎ সংযোগ ছাড়া কলেজের আর কোন অভাবেরই প্রতিকার হয়নি। পানি সরবরাহ, সীমা প্রাচীর, খেলার মাঠ, জানালার গরাদ, কলেজে আসার রাস্তা প্রভৃতির কোন ব্যবস্থাই আজ পর্যন্ত হয়নি। উপযুক্ত কর্তৃপক্ষও সম্ভবতো বিভাগীয় নানা বিপাকের দরুণ আমাদের অভিযোগের প্রতি দৃকপাত করার অবসর পাচ্ছেন না।

এর ওপর নিরাপত্তার অভাব কলেজ কর্তৃপক্ষ, ছাত্র, শিক্ষক সকলকেই উদ্‌ভ্রান্ত করে তুলেছে। কলেজের আশে পাশে প্রায়ই সশস্ত্র দুস্কৃয়া সংঘটিত হচ্ছে। গ্রামে গৃহস্থ গৃহে বসবাসকারিণী দু'জন ছাত্রী (ছাত্রীদের জন্য কোন আবাসিক ব্যবস্থা এখানে নেই) সম্প্রতি ডাকাতের হাতে সর্বস্বান্ত হয়েছেন। এর পূর্বে অন্য ছাত্রও অনুরূপভাবে নিগৃহীত হয়েছিলেন। এরূপ অস্বস্তিকর পরিবেশে সুস্থির ভাবে কর্তব্য সম্পাদনই আয়াসসাধ্য, সৃজনী মানসলোকের আলোক সম্পাতের কথা ত সুদূর পরাহত। এত অভাব অভিযোগের মধ্যে ছাত্র-ছাত্রীদের পক্ষে বিদ্যার্জ্জনের সাধনাই দুরূহ, সাংস্কৃতিক ও সাহিত্যিক প্রচেষ্টা ও দূরের কথা। তবুও তাঁরা যে সাহিত্যানুশীলন থেকে বিরত হননি, এই বার্ষিকী তারই মহান স্বাক্ষর।

এই বার্ষিকীর প্রকাশও সহজ হয়নি। বার্ষিকীর জন্য বরাদ্দকৃত অর্থে দ্রব্যমূল্য ও ছাপাখানার শ্রম মূল্য বৃদ্ধির দরুণ এত বেশী ঘাটতির আশংকা দেখা দেয় যে এর প্রকাশ সন্দেহ সংকুল হয়ে পড়ে। পরে নানা অসুবিধা সত্বেও সুদূর বাগেরহাট থেকে ছাপাবার ব্যবস্থা করে এর প্রকাশ সম্ভবপর করা হয়েছে। কাগজের দুষ্প্রাপ্যতা আর একটি অন্তরায় সৃষ্টি করে। বার্ষিকীর কলেবর হ্রাস ও সংখ্যা সীমিত করে সে সংকটও বার্ষিকী প্রকাশ সংসদ কাটিয়ে উঠেছেন। এত সব সমস্যার সমাধান করে বার্ষিকীটি যে প্রকাশিত হয়েছে এর জন্য সংশ্লিষ্ট সকলেই বিশেষ মোবারকবাদ যোগ্য। বার্ষিকী শিক্ষা প্রতিষ্ঠানের সৃজনী মননশীলতার একটি আলেখ্য—এর হৃদস্পন্দন। প্রতিকূল পরিবেশে এর অপমৃত্যু না ঘটাই বাঞ্ছনীয়।

আমি এর নিরংকুশ শ্রীবৃদ্ধি কামনা করি!

আবুল হাশেম
(অধ্যক্ষ)

পত্রিকা সম্পাদনা পরিষদ (সাহিত্য বিভাগ)



ছাত্র সংসদ (ছবিতে) ১৯৭৩-৭৪



## কলেজ প্রসঙ্গ

গত ৬-১২-৭৫ তারিখে বিজ্ঞান বিভাগীয় শিক্ষক জনাব মু, আ, এহসান এবং জনাব মারুফুল হক মোল্লার তত্ত্বাবধানে বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীগণ খুলনা নিউজ প্রিন্ট মিলে একটি শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করেন। এ ভ্রমণের মাধ্যমে শিক্ষার্থীগণ যথেষ্ট বাস্তব অভিজ্ঞতা লাভ করেন।

o o o o

কলেজের গ্রন্থাগারিক জনাব মোঃ আবদুল ফাত্তাহ সাহেবের নেতৃত্বে গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষার্থীগণ খুলনা পাবলিক লাইব্রেরীতে অপর একটি শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করেন। ১১-১২-৭৫ তারিখের এ শিক্ষামূলক ভ্রমণে গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষার্থীগণ যথেষ্ট ব্যবহারিক জ্ঞানলাভের সুযোগ পান।

o o o o

গত ২৩-২-৭৬ তারিখে ঢাকা বৃটিশ কাউন্সিলের অ্যাসিষ্ট্যান্ট রিপ্রেজেন্টেটিভ মিঃ আর, বি, ডব্লিউ হেইন্স্ ( R. B. W. Haines )আমাদের কলেজে এসে অধ্যাপকমণ্ডলীর সাথে আলোচনায় মিলিত হন। কলেজের পাঠক্রম এবং সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে তিনি আলোচনা করেন।

o o o o

কলেজের ইসলামিয়াত বিভাগ থেকে অধ্যাপক মুঃ আ, জব্বার সাহেবের সামগ্রিক তত্ত্বাবধানে ইসলামিক ধ্যান ধারণা ও তথ্য সম্বলিত একটি হস্তলিখিত বার্ষিকী প্রকাশ করা হয়। "মুবাল্লিগ" নামে এই হস্তলিখিত বার্ষিকীটির সম্পাদক ছিলেন এ, কে, এম, শামসুল হক ( শিক্ষার্থী )।

o o o o

আমাদের প্রাক্তন উপাধ্যক্ষ জনাব আনোয়ারুল কবির রংপুর কলেজ অব এডুকেশনের অধ্যক্ষ হয়ে বদলী হয়ে যাবার পর আমাদের বর্তমান উপাধ্যক্ষ জনাব এ, কে, ফজলুল হক সাহেব কুমিল্লা থেকে এখানে বদলী হয়ে আসেন। তিনি সেখানে পল্লী উন্নয়ন একাডেমীর শিক্ষা অনুদেষ্টা ছিলেন। তিনি আমাদের কলেজে যোগদান করেন ১-৭-৭৫ তারিখে।

o o o o

কলেজের গণিত বিভাগের অধ্যাপক, জনাব এ, বি, এম শাহজাহান কাজী গত ৭-১২-৭৫ তারিখে সাময়িকভাবে এখান থেকে বিদায় নিয়ে যুক্তরাজ্যে গেছেন। উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের পর তিনি আবার কলেজে ফিরে আসবেন।

গত ৯ই এপ্রিল মহা ধূমধামের সাথে আমাদের বার্ষিক প্রীতিভোজ সম্পন্ন হল। এই দিনের আনন্দ মুখরিত সন্ধ্যার কথা আমাদের অনেকদিন মনে থাকবে। কলেজের সমস্ত শিক্ষার্থী ভাইবোন, অধ্যক্ষ. উপাধ্যক্ষ এবং কিছু বাইরের অতিথি এ ভোজে অংশ গ্রহণ করেন।

o o o o

পহেলা বৈশাখে ( ১৩৮৩ ) একটি মনোরম অনুষ্ঠানের মাধ্যমে বর্ষবরণ উৎসব পালন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমাদের মাননীয় অধ্যক্ষ। তিনি অনুষ্ঠানের শুরুতে বাংলা বর্ষের উৎপত্তি ও নববর্ষের তাৎপর্য বিশ্লেষণ করেন। অনুষ্ঠানটির সামগ্রিক তত্ত্বাবধানে ছিলেন আমাদের চারু ও কারু কলা বিভাগের প্রভাষক জনাব রফিকুল আলম। সঙ্গীতাংশের পরিচালনায় ছিলেন খুলনা প্রকৌশল মহাবিদ্যালয়ের শারীরিক শিক্ষা অফিসার জনাব মজহারুল ইসলাম। সবাইকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন উপাধ্যক্ষ, জনাব এ, কে, ফজলুল হক।

# শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়, খুলনা।

ছাত্র সংস্থা পর্ষদ

১৯৭৫ - ৭৬

সভাপতি : জনাব ম, আবুল হাশেম, অধ্যক্ষ
সহ-সভাপতি : জনাব এ, কে, ফজলুল হক, উপাধ্যক্ষ
সাধারণ সম্পাদক : খাজা নূরুল ইসলাম
সহ-সাধারণ সম্পাদক : মোঃ আবদুল মোমেন

## সাহিত্য বিভাগ

ভারপ্রাপ্ত অধ্যাপক : জনাব মু, আ, জব্বার
বাবু শান্তি শঙ্কর ভট্টাচার্য
সম্পাদক : জনাব কে, বি, আল-মামুন
সহ-সম্পাদক : „ এ, কে, এম, লুৎফর রহমান
সদস্য : „ সৈয়দ আমিনুর রহমান
সদস্য : জনাবা উমদাতুন নাহার

## মিলনায়তন বিভাগ

ভারপ্রাপ্ত অধ্যাপক :
জনাব আ, ব, ম, শাজাহান কাজী
জনাব আবদুল ফাত্তাহ
সম্পাদক : জনাব শেখ আবুল কালাম
সহ-সম্পাদিকা : জনাবা নীলুফা বেগম
সদস্য : জনাব দে তারক চন্দ্র
সদস্য : „ এফ, এম, জিয়াউল ইসলাম

## সংস্কৃতি ও বিচিত্রা বিভাগ

ভারপ্রাপ্ত অধ্যাপক : বাবু সন্তোষ কুমার ইন্দু
জনাব মোঃ রফিকুল আলম
জনাব মোঃ আবুল এহসান
সম্পাদক : জনাব পবিত্র কুমার গাঙ্গুলী
সহ-সম্পাদক : „ মুন্সি মোয়াজ্জেম হোসেন
সদস্য : „ সুশান্ত কুমার বিশ্বাস
সদস্য : „ বিমলেন্দু বিশ্বাস

## ক্রীড়া বিভাগ

ভারপ্রাপ্ত অধ্যাপক :
জনাব খোন্দকার আবদুল মান্নান
জনাব আ, র, মোয়াজ্জেম হোসেন
সম্পাদক : জনাব দলিল উদ্দীন হাওলাদার
সহ-সম্পাদক : „ শ্যামল কৃষ্ণ দাশ
সদস্য : „ প্রভাষ চন্দ্র মণ্ডল
সদস্য : „ আবদুল লতিফ


## সমাজ কল্যাণ বিভাগ

ভারপ্রাপ্ত অধ্যাপক : জনাব মোঃ রফিকুল ইসলাম
জনাব মোঃ মারুফুল হক মোল্লা
সম্পাদক : জনাব এ, কে, এম, মোহর আলি
( ৮-১১-৭৫ পর্যন্ত )
জনাব সৈয়দ আবদুর রব
( ৮-১-৭৬ থেকে )
সহ-সম্পাদক : কাজী মাহমুদুল হাসান
( ৯-১১-৭৫ থেকে ৭-১-৭৬ পর্যন্ত
ভারপ্রাপ্ত সম্পাদক )
সদস্য : জনাব আবদুল মোমিন চৌধুরী
সদস্য : „ মোঃ শামছুল হক

ছাত্র-সংসদ ১৯৭৫-'৭৬



# সম্পাদনা পরিষদ ১৯৭৫-'৭৬



চেয়ারে বসা ( বাঁ দিক থেকে ) ঃ—

সর্ব জনাব শান্তিশঙ্কর ভট্টাচার্য, ভারপ্রাপ্ত প্রভাষক ; মু, আবদুল জব্বার, ভারপ্রাপ্ত অধ্যাপক; ম, আবুল হাশেম, (অধ্যক্ষ) সভাপতি ; এ, কে, এম, বজলুল হক (উপাধ্যক্ষ) সহ-সভাপতি ; উমদাতুন নাহার, সদস্য।

পিছনে দাঁড়িয়ে ( বাঁ দিক থেকে ) ঃ—

কে. বি, আল-মামুন, সম্পাদক ; সৈয়দ আমিনুর রহমান, সদস্য ; আ, খ, ম লুৎফর রহমান, সহ সম্পাদক ; খাজা নুরুল ইসলাম, প্রধান কর্মাধ্যক্ষ ; আবদুল মোমেন, সহ-প্রধান কর্মাধ্যক্ষ।